

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৯৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রুকু থেকে মাথা উত্তোলন করে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ধীরস্থিরভাবে দাঁড়ানো প্রসঙ্গে বর্ণনা

ذَكَرُ طُمَائِنَةَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عِنْدَ رَفْعِ رَأْسِهِ مِنَ الرُّكُوعِ

আরবী

1899 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ ثَابِتِ الْبُنَانِيِّ قَالَ: سَمِعْتُ أَنَسَ بْنَ مَالِكٍ يَنْعَتُ لَنَا صَلَاةَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: يَقُومُ فَيُصَلِّي فَإِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ قُلْنَا: قَدْ نَسِيَ مِنْ طَوْلِ الْقِيَامِ.

الراوي: ثابت البناني | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1899 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (799)

বাংলা

১৮৯৯. সাবিত আল বুনানী রহিমাহুল্লাহ থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আনাস বিন মালিক রাযিয়াল্লাহু আনহুকে বলতে শুনেছি, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সালাতের বিবরণ দিয়ে বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দাঁড়াতেন, অতঃপর সালাত আদায় করতেন, অতঃপর যখন তিনি রুকু থেকে মাথা উত্তোলন করেন, তখন তাঁর দীর্ঘক্ষন দাঁড়িয়ে থাকার কারণে আমরা মনে মনে বলতাম, তিনি হয়তো সাজদা দিতে ভুলে গেছেন!”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/১৭২; সহীহ আল বুখারী: ৮০০; সুনান বাইহাকী: ২/৯৭; মুসনাদ আহমাদ: ৩/২২৬; সহীহ আল বুখারী: ৮২১; সহীহ মুসলিম: ৪৭২; সুনান বাইহাকী: ২/৯৮; আবু আওয়ানা: ২/১৭৬; সহীহ ইবনু খুযাইমা: ৬০৯; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬২৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৭৯৯)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ সাবিত আল বুনানী (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91115>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন